



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
টেলিফোন : ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্স : ০৪৬৬২-৭৫২২৪
ই-মেইল : da@mpa.gov.bd
ওয়েব সাইট : www.mpa.gov.bd

নং-১৮.১৪.০১৫৮.১২৪.৩৫.০৫২.২০১৮-৩৭২

০১-০২ ২০১৮ খ্রিঃ।

বিষয় : ভিডিও কনফারেন্স-এ প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০০.০০০০.০১৬.৪৫.০০৬.১৫-১০৩৪, তারিখ : ০১/০৬/২০১৫ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৭-০৪-২০১৫ তারিখে বগুড়া, সাতক্ষীরা, জয়পুরহাট, সিরাজগঞ্জ, ঝিনাইদহ ও নড়াইল জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্স-এ প্রদত্ত নির্দেশনা সমূহের মধ্যে মোংলা বন্দর সংশ্লিষ্ট বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জানুয়ারি-২০১৮ নির্দেশক্রমে অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/ ০১-০২-১৮
(প্রণব কুমার রায়)
পরিচালক (প্রশাসন)

সচিব
নৌ-পরিবহন মন্ত্রণালয়
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

উপ- সচিব (মোংলা বন্দর শাখা)
নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৭.০৪.২০১৫ তারিখে বগুড়া, সাতক্ষীরা, জয়পুরহাট, সিরাজগঞ্জ, ঝিনাইদহ ও নড়াইল জেলা
উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্স এ প্রদত্ত দিক নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি।

প্রদত্ত নির্দেশনা :

যে কোন উপায়ে মোংলা বন্দরকে সচল রাখতে হবে ;

মবক কর্তৃক গৃহীত পদক্ষেপ :

মোংলা বন্দর কার্যকরীভাবে সচল রয়েছে এবং বন্দরের কার্যক্রম ক্ষমতা আরও বৃদ্ধির করার জন্য বহুবিধ প্রকল্প হাতে নেয়া হয়েছে।

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর মোংলা বন্দরের ব্যবহার বৃদ্ধি ও উন্নয়নকল্পে অগ্রাধিকার ও বিশেষ গুরুত্ব প্রদান করে। এতে মোংলা বন্দরের ব্যবহার আশানুরূপভাবে বৃদ্ধি পেতে থাকে এবং মোংলা বন্দর পুনরায় একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বন্দর ব্যবহার বৃদ্ধির ধারাবাহিকতায় ২০১৬-২০১৭ অর্থ বছরের জাহাজ হ্যান্ডলিং এর সংখ্যা ৬২৩ টি, কার্গো হ্যান্ডলিং ৭৫.১৪ লক্ষ মেঃ টন (আমদানি ও রপ্তানি) এবং ২৬৯৫২ টি ইইউজ কন্টেইনার হ্যান্ডেল করা হয়েছে এবং ২২৬.৫৬ কোটি টাকা রাজস্ব আয় করা সম্ভব হয়েছে।

সমুদ্র পথে বাণিজ্যের প্রসারসহ আঞ্চলিক যোগাযোগ এবং বন্দরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯-২০১৭ পর্যন্ত মোট ৪২৩ কোটি ৬৯ লক্ষ ৪০ হাজার টাকা ব্যয়ে মোট ০৮ টি উন্নয়ন প্রকল্প এবং ০৪ টি উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে ০৭ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নধীন আছে এবং ০৮ টি উন্নয়ন প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে।

২০১৬-১৭ অর্থবছরে মোংলা বন্দরের অর্জন :

ক্রঃ নঃ	কার্যক্রম	অর্জন (২০১৬-১৭)	মন্তব্য
১.	জাহাজ হ্যান্ডলিং	৬২৩ টি	(+) ২৯.২৫ %
২.	কার্গো হ্যান্ডলিং	৭৫.১২ লক্ষ মেঃ টন	(+) ২৯.৬১ %
৩.	গাড়ি হ্যান্ডলিং	১৫৯০৭ টি	(+) ২.২৮ %
৪.	রাজস্ব আয়	২২৬.৫৬ কোটি টাকা	(+) ১৫.২৩ %
৫.	অডিট আপত্তি নিষ্পত্তি	১৯ টি	
৬.	হাইস্পিড বোট সংগ্রহ	১ টি	
৭.	কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ	২০ টি	
৮.	এডিপি বরাদ্দ বাস্তবায়ন	২৫.৭৯ কোটি (৯২.২৭%)	

স্বাক্ষরিত/ ০১-০২-১৮
পরিচালক (প্রশাসন)